দৈনিক
ইনকিলাব

তারিখ 04 MAY 2008
পৃষ্ঠা ৫ কলাম ৪

# বগুড়ায় রাজশাহী বোর্ডের এসএসসি পরীক্ষার ৪শ' উত্তরপত্র খোয়া গেছে

বগুড়া অফিস

বগুড়ায় দু'শিক্ষকের কর্তব্যে অবহেলা ও সীমাহীন দায়িত্বহীনতার কারণে চলতি এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করা পরীক্ষার্থী। তাদের ৪শ উত্তরপত্রের (২টি পরীক্ষার) খাতা খোয়া গেছে। যার মধ্যে রয়েছে ২শ রসায়ন এবং ২শ ইসলামের ইতিহাসের খাতা। গত ৪৮ ঘন্টায় পাওয়া যায়নি সেগুলো। একটি নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে, গত বুধবার বগুড়ার সারিয়াকান্দি কড়িতলা উচ্চ বিদ্যালয়ে কর্মরত দু'শিক্ষক এবং ধুনট উপজেলার বড়িয়া গ্রামের মৃত ইউনুছ আলীর পুত্র হাবিবর রহমান এবং সারিয়াকান্দি উপজেলার বাঁশহাটা গ্রামের মৃত ছহির উদ্দিনের পুত্র হাসান আলী সন্ধ্যায় রাজশাহী শিক্ষা বোর্ড থেকে পরিদর্শনের জন্য ৪শ উত্তরপত্রের খাতা নিয়ে বাসযোগে বগুড়ায় এসে পৌছান। রাত আনুমানিক ৮টার সময় বাসস্ট্যান্ড থেকে একটি রিকশায় করে চেলোপাড়ায় যাওয়ার পথে কিছু সময়ের জন্য তারা ফতেহ আলী মাঝার সংলগ্ন স্থানে রিকশাটি থামিয়ে একজন মাজারে এবং অপরজন পার্শ্ববর্তী স্থানে কিছু কেনাকাটা করতে যান। এ সময় প্লাস্টিকে মোড়ানো ২টি উত্তরপত্রের প্যাকেট রিকশার উপরেই ছিল। সেখান থেকে ফিরে এসে তারা প্যাকেটসহ রিকশাটি সেখানে আর দেখতে পাননি। আশপাশে অনেক খোঁজাখুঁজি করে হতভম্ব দু'শিক্ষক রাতে বগুড়া সদর থানায় একটি সাধারণ ডায়রি করেন। এসএসসি পরীক্ষার উত্তরপত্রের খাতা উল্লেখ না করে রাতদিন গত ৪৮ ঘন্টায় শহরে বিভিন্ন স্থানে মাইকিং চালানো হয় অবিরামভাবে। পুলিশ খাতাগুলো উদ্ধারে চিরুনি অভিযান চালায়। তার পরেও হদিস মেলেনি খোয়া যাওয়া খাতাগুলোর। জানা সম্ভব হয়নি খাতাগুলো কোন জেলায় কিংবা কোন স্কুলের পরীক্ষার্থী হতভাগা ছাত্র-ছাত্রীদের। এ ব্যাপারে বগুড়া সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আহসান হাবিব জানান, খাতাগুলো উদ্ধারের জন্য সম্ভাব্য সকল স্থানে তাদের অভিযান অব্যাহত রয়েছে।